

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১১- ৬২২

তারিখঃ ২০.০৬.২০১২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ বৃহল আমিন সরকার (৪৩১৫৭), প্যাথলজিস্ট, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা দায়ী করে এ মন্ত্রণালয়ের ৩০.০৬.২০১১ খ্রিস্টাব্দ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১১-৭৫১ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে অনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

একশে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারী "চাকুরি হতে বরখাস্ত" (Dismissal from Service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ পাতা


১৭/০৬/১২
(খোরশেদ আলম চৌধুরী)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ বৃহল আমিন সরকার (৪৩১৫৭)
প্যাথলজিস্ট
এনাটমী বিভাগ
শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
(স্থায়ী ঠিকানাঃ- গ্রাম-পানগাছী, ডাকঘর-বোয়ালিয়ারচর, উপজেলা-রায়গঞ্জ, জেলা-সিরাজগঞ্জ)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১১৬.২০১১- ৬২২/০(৪)

তারিখঃ ২০.০৬.২০১২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। অধক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd